# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৩

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১২: মযী কখন উযূ নষ্ট করে এবং কখন করে না

بَاب مَا يَنْقُضُ الْوُضُوءَ وَمَا لَا يَنْقُضُ الْوُضُوءَ مِنْ الْمَذْيِ

আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، قال: أَخْبَرَنَا جَرِيرٌ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ، قال: قُلْتُلِلْمِقْدَادِ: إِذَا بَنَى الرَّجُلُ بِأَهْلِهِ فَأَمْذَى وَلَمْ يُجَامِعْ، فَسَلِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ ذَلِكَ، فَإِنِّي أَسْتَحِي أَنْ أَسْأَلَهُ عَنْ ذَلِكَ وَابْنَتُهُ تَحْتِي، فَسَأَلَهُ، فَقَالَ: يَغْسِلُ مَذَاكِيرَهُ وَيَتَوَضَّأُ وُضُوءَهُ لِلصَّلَاةِ .

تخريج دارالدعوه: سنن ابی داود/الطہارة ۸۳ (۲۰۸، ۲۰۹)، (تحفة الأشراف: ۱۰۲۴۱)، مسند احمد ۱/۱۲۴ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 153 ۔ صحيح

বাংলা

১৫৩. ইসহাক ইবনু ইব্রাহীম (রহ.) ..... ’আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি মিকদাদকে বললাম, আপনি নবী (সা.) -কে প্রশ্ন করুন যে, যদি কোন ব্যক্তি স্বীয় স্ত্রীর সাথে আমোদ করে এবং তদ্দরুন তার মযী নির্গত হয় অথচ সে সহবাস করেনি, তাহলে সে কি করবে? কেননা তার কন্যা আমার সহধর্মিণী হওয়ায় আমি জিজ্ঞেস করতে লজ্জাবোধ করি। তিনি তাকে জিজ্ঞেস করলে তিনি (সা.) বলেন, সে ব্যক্তি তার লজ্জাস্থান ধৌত করবে এবং সালাতের উযূর ন্যায় উযূ করবে।

## English

112. What Invalidates Wudu' And What Does Not Invalidate Wudu' Of Madhi (Prostatic Fluid)

It was narrated that 'Ali said: I said to Al-Miqdad: 'If a man is intimate with

his wife and excretes prostatic fluid but does not have intercourse - ask the Prophet (ﷺ) about that, for I am too shy to ask him about it since his daughter is married to me.' So he asked him, and he said: 'Let him wash his male member and perform Wudu' as for Salah.'

### ফুটনোট

সহীহ: আবূ দাউদ ২০৭, ইবনু মাজাহ ৫০৫, মুসনাদে আহমাদ ১০০৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86424

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন